

## সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নম্বরঃ ৩৩৬

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ১২৭. আহত ব্যক্তির তায়াম্মুম করা

### باب فِي الْمَجْرُوحِ يَتَيَمَّمُ

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْأَنْطَاكِيُّ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ، عَنِ الزُّبَيْرِ بْنِ خُرَيْقٍ، عَنْ عَطَاءٍ، عَنْ جَابِرٍ، قَالَ خَرَجْنَا فِي سَفَرٍ فَأَصَابَ رَجُلًا مِّنَّا حَجَرٌ فَشَجَّهُ فِي رَأْسِهِ ثُمَّ احْتَلَمَ فَسَأَلَ أَصْحَابَهُ فَقَالَ : هَلْ تَجِدُونَ لِي رُخْصَةً فِي التَّيَمُّمِ؟ فَقَالُوا مَا نَجِدُ لَكَ رُخْصَةً وَأَنْتَ تَقْدِرُ عَلَى الْمَاءِ فَاغْتَسَلَ فَمَاتَ، فَلَمَّا قَدِمْنَا عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أُخْبِرَ بِذَلِكَ فَقَالَ : " قَتَلُوهُ قَتَلَهُمُ اللَّهُ إِلَّا سَأَلُوا إِذْ لَمْ يَعْلَمُوا فَإِنَّمَا شِفَاءُ الْعِيِّ السُّؤَالُ إِنَّمَا كَانَ يَكْفِيهِ أَنْ يَتَيَمَّمَ وَيَعْصِرَ " . أَوْ " يَعْصِبَ " . شَكََّ مُوسَى " عَلَى جُرْحِهِ خِرْقَةً ثُمَّ يَمْسَحُ عَلَيْهَا وَيَغْسِلُ سَائِرَ جَسَدِهِ " .

– حسن ، دون قوله : (إنما كان يكفيه.....)

বাংলা

৩৩৬। জাবির (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা আমরা কোন এক সফরে বের হলে আমাদের মধ্যকার একজনের মাথা পাথরের আঘাতে ফেটে যায়। ঐ অবস্থায় তার স্বপ্নদোষ হলে সে সাথীদের জিজ্ঞেস করল, তোমরা কি আমার জন্য তায়াম্মুমের সুযোগ গ্রহণের অনুমতি পাও? তারা বলল, যেহেতু তুমি পানি ব্যবহার করতে সক্ষম, তাই তোমাকে তায়াম্মুম করার সুযোগ দেয়া যায় না। অতএব সে গোসল করল। ফলে সে মৃত্যুবরণ করল। আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আসলে তাঁকে বিষয়টি জানানো হলো। তিনি বললেনঃ এরা অন্যায়ভাবে তাকে হত্যা করেছে। আল্লাহ এদের ধ্বংস করুন। তাদের যখন (সমাধান) জানা ছিল না, তারা কেন জিজ্ঞেস করে তা জেনে নিল না। কারণ অজ্ঞতার প্রতিষেধক হচ্ছে জিজ্ঞেস করা। ঐ লোকটির জন্য তায়াম্মুম করাই যথেষ্ট ছিল। আর যখমের স্থানে ব্যান্ডেজ করে তার উপর মাসাহ্ করে শরীরের অন্যান্য স্থান ধুয়ে ফেললেই যথেষ্ট হত।[1]

হাসান। তবে তার এ কথাটি বাদেঃ 'ঐ লোকটির জন্য যথেষ্ট ছিল....।'

## English

Jabir said:

We set out on a journey. One of our people was hurt by a stone, that injured his head. He then had a sexual dream. He asked his fellow travelers: Do you find a concession for me to perform tayammum? They said: We do not find any concession for you while you can use water. He took a bath and died. When we came to the Prophet (ﷺ), the incident was reported to him. He said: They killed him, may Allah kill them! Could they not ask when they did not know? The cure for ignorance is inquiry. It was enough for him to perform tayammum and to pour some drops of water or bind a bandage over the wound (the narrator Musa was doubtful); then he should have wiped over it and washed the rest of his body.

## ফুটনোট

[1] বায়হাকী (১/২২৮), দারাকুতনী (১/১৯০)। ইমাম দারাকুতনী বলেনঃ হাদীসটি 'আত্বা থেকে জাবির সূত্রে জুবায়র ইবনু খুরাইক ব্যতীত কেউ বর্ণনা করেননি। আর তিনি শক্তিশালী নন। অবশ্য আওয়াঈ তার বিপরীত করেছেন। তিনি 'আত্বা থেকে ইবনু আব্বাস সূত্রে বর্ণনা করেছেন। তবে আওয়াঈ বৈপরিত্য করেছে। একবার বলা হয়েছে 'আত্বা থেকে, আরেকবার বলা হয়েছে আমার নিকট 'আত্বা সূত্রে পৌঁছেছে, আবার আরেকবার আওয়াঈ মুরসালভাবে 'আত্বা থেকে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সূত্রে বর্ণনা করেছেন। এটাই সঠিক। আওনুল মা'বুদে আছেঃ তায়াম্মুম ও গোসল একত্রে করা সম্বলিত বর্ণনা দুর্বল। তার দ্বারা আহকাম প্রমাণ হয় না। সনদের যুবায়র ইবনু খুরাইক সম্পর্কে ইমাম দারাকুতনী বলেন, তিনি শক্তিশালী নন।

-

হাদীস থেকে শিক্ষাঃ

হাদীসটি প্রমাণ করে যে, ব্যাভেজের উপর মাসাহ করা জাযিয় (তবে তা পবিত্রাবস্থায় পরতে হবে)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=57654>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন